

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
উন্নয়ন-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

৩৭.০০.০০০০.০৮৩.১১.০০৪.১৫(অংশ)-৫৯৯

তারিখ: ০৯ পৌষ ১৪২৬  
২৪ ডিসেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১০/০৪/২০১৮ তারিখের ৮০.০০.০০০০.১০৯.০৩৬.০০৪.১৭-৪২ সংখ্যক পত্রের সুপারিশ, সন্তোষজনক পুলিশী প্রতিবেদন এবং স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন এর আলোকে জনাব মো: জুবায়ের ইসলাম (রেজি: নং- ১০২৯৭৬)-কে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নোক্ত শর্তে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:


০২। শর্তাবলী:

- ক) নিজে বা পরিবারের অন্য সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না মর্মে যোগদান পত্রের সাথে ঘোষণা দিতে হবে;
- খ) তিনি বিদেশী কোন নাগরিককে বিয়ে করে থাকলে অথবা বিয়ে করার জন্য অস্বীকারবদ্ধ হয়ে থাকলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- গ) তিনি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) গ্রহণ করতে হবে;
- ঘ) তাঁর যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসেবে গণ্য করা হবে। শিক্ষানবিসকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হলে তাঁর চাকরিতে স্থায়ী করা হবে এবং শিক্ষানবিসকালে তাঁর কাজকর্ম ও আচরণ সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরিচ্যুত (Terminate) করা হবে; এবং
- ঙ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং এ চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

০৩। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ/ ১৬ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ তারিখের মধ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী বরাবরে যোগদান করে রিপোর্ট করতে হবে অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(ড. মো: মনিরুজ্জামান)  
উপসচিব


ই-মেইল: ds\_dev3@moedu.gov.bd

ফোন: ৯৫৬১৪৪১

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

২. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১. জনাব -----।
১২. অফিস কপি।

  
(ড. মো: মনিরুজ্জামান)  
উপসচিব